



ঢাকায় একটি এসএসসি পরীক্ষা কেন্দ্র

—দৈনিক বাংলা

## শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা শুরু

(স্টাফ রিপোর্টার)

গতকাল সারাদেশে চারটি শিক্ষা  
বোর্ডের ১১৮৭ সালের মাধ্যমিক  
স্কুল সার্টিফিকেট (এসএসসি)  
পরীক্ষা শান্তিপূর্ণভাবে শুরু  
হয়েছে। কোথাও কোন অপ্রীতি-  
কর ঘটনার খবর পাওয়া যায়নি।  
শ্রম পঃ ৪-এর কঃ

## পরীক্ষা শুরু

(১-এর ১ম পত্র)

এসএসসি পরীক্ষার প্রথম দিনে  
গতকাল ছিল বাংলা (আবশ্যিক)  
প্রথম পত্র ও দ্বিতীয় পত্রের  
পরীক্ষা।

প্রথম দিনের পরীক্ষায় গতকাল  
বিভিন্ন কেন্দ্র থেকে নকল করার  
অভিযোগে ২৫ জন পরীক্ষার্থীকে  
বহিষ্কার করা হয়েছে। এছাড়া  
ইশ্বরদী ও পাকশী কেন্দ্র নকল  
সরবরাহ করার অভিযোগে ১৫  
জনকে গ্রেফতার করা হয়েছে।

পরীক্ষা চলাকালীন সময়ে ঢাকা  
বোর্ডের চেয়ারম্যান গাজীপুর  
এলাকা ও পরীক্ষা নিয়ন্ত্রক ধনিয়া  
এলাকায় আকস্মিক পরিদর্শনে  
যান।

যশোর থেকে আমাদের স্টাফ  
রিপোর্টার জানান, বেশ কয়েকটি  
কেন্দ্র দেদার নকল চলার অভি-  
যোগ পাওয়া গেছে। গতকাল  
বাংলা প্রথম পত্রের পরীক্ষা চলা-  
কালে নকল করার দায়ে হাশিম-  
পুর কেন্দ্র থেকে ১ জন ও খাজুড়া  
কেন্দ্র থেকে ৩ জনকে বহিষ্কার  
করা হয়।

মানিকগঞ্জ থেকে স্টাফ রিপোর্-  
টার জানান, বাংলা দ্বিতীয় পত্রের  
পরীক্ষা চলাকালে নকল করার  
দায়ে সার্কুলার কেন্দ্র থেকে ৩ জন  
ও ষিওর কেন্দ্র থেকে ৪ জন নিয়ে  
মোট ৭ জনকে বহিষ্কার করা হয়।  
এর মধ্যে দুজন মহিলা পরী-  
ক্ষার্থী।

দৈনিক বাংলার ইশ্বরদী সংবাদ  
দাতা জানান, পাকশী ও ইশ্বরদীর  
দুটি কেন্দ্র থেকে নকল করার  
অভিযোগে ৩ জনকে বহিষ্কার  
করা হয়েছে। পরীক্ষা চলাকালীন  
সময়ে ইশ্বরদীর সন্ন্যাসী মাড়োয়ারী  
স্কুলের সামনে আধ ক্ষেত্রে কে বা  
কারা আগুন ধরিয়ে দেয়। এ সময়  
পরীক্ষার্থীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি  
হয়। আগুন নেভাতে গিয়ে ৩ জন  
অহত হন। এর মধ্যে গুরুতর  
অহত ননী নামক এক ব্যক্তিকে  
ইশ্বরদী হাসপাতালে ভর্তি করা  
হয়েছে।

চুয়াডাঙ্গা থেকে নিজস্ব সংবাদ-  
দাতা জানান, গতকাল বাংলা  
দ্বিতীয় পত্র পরীক্ষা চলাকালীন  
চুয়াডাঙ্গার এডিসি আকস্মিক পরি-  
দর্শনে গিয়ে চুয়াডাঙ্গা কেন্দ্রের  
ডি জি সরকারী হাইস্কুল থেকে  
নকল করার সময় ৪ জন পরী-  
ক্ষার্থীকে বহিষ্কার করেন। এছাড়া  
একই পরীক্ষায় জীবননগর কেন্দ্র  
থেকে দুজনকে বহিষ্কার করা  
হয়।